

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.৫৪.২০২৩. ৫৮৪

তারিখ: ২৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব উত্তম কুমার সাহা, প্রধান শিক্ষক, লক্ষ্মীপুর আদর্শ সামাদ সরকারি উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর প্রাক্তন প্রধান শিক্ষক, মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন হতে ১০ টি অভিযোগ সম্বলিত একটি অভিযোগনামা এবং উক্ত অভিযোগের প্রেক্ষিতে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক সরেজমিন তদন্ত করার জন্য ০২ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের মধ্যে ২০১৩, ২০১৪, ২০১৫ শিক্ষাবর্ষে ৪র্থ ও ৬ষ্ঠ শ্রেণিতে ১০১ জন শিক্ষার্থী অতিরিক্ত ভর্তি করা, বিদ্যালয়ের পিডিএস ফাইলে শিক্ষার্থীদের সংখ্যা হালনাগাদ না করা, কোচিং বাণিজ্য পরিচালনা করা, বিজ্ঞানাগারে মালামাল ক্রয়ে তার নিজের মতো করে বিল-ভাউচার তৈরি করা এবং কিছু কিছু মালামাল ক্রয় করে শিক্ষকদেরকে পুরোপুরি মালামাল বুঝিয়ে না দেওয়া এবং লিভারিজ খাতের বরাদ্দকৃত টাকা কর্মচারীদের বুঝিয়ে না দেওয়ার অভিযোগ প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;


যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন, ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ১৮/১০/২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক পর্যালোচনায় তাকে “তিরস্কার” লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব উত্তম কুমার সাহা, প্রধান শিক্ষক, লক্ষ্মীপুর আদর্শ সামাদ সরকারি উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ক) অনুযায়ী “তিরস্কার” সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(সোলেমান খান)

সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.৫৪.২০২৩. ৫৮৪/৩(৭)

তারিখ: ২৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব উত্তম কুমার সাহা এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। উপসচিব (সরকারি মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৬। প্রধান শিক্ষক, লক্ষ্মীপুর আদর্শ সামাদ সরকারি উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর।
- ৭। জনাব উত্তম কুমার সাহা, প্রধান শিক্ষক, লক্ষ্মীপুর আদর্শ সামাদ সরকারি উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর।


(মো: শাহীনুর ইসলাম)
উপসচিব